তারিখ 08 SEP 1990
পৃষ্ঠা ২ কলাম ৩

দৈনিক বাংলা

29

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

।। স্টাফ রিপোর্টার ।।

আজ শনিবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস।

দিনটি উদযাপনের জন্য বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে বিস্তারিত কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের গণশিক্ষা কার্যক্রম এবং বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশনের যৌথ উদ্যোগে আজ

(শেষ পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## সাক্ষরতা দিবস

(প্রথম পৃঃ পর)

বিকেল ৪টায় জাতীয় শিক্ষা প্রশাসন গবেষণা ইন্সটিটিউট (নিয়েয়ার) মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রেসিডেন্টের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা জনাব মনসুর আলী সরকার এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

বাংলাদেশ মহিলা পরিষদ বিকাল সাড়ে ৩টায় বেইলী রোডস্থ কর্মজীবী মহিলা হোস্টেলে 'সবার জন্য শিক্ষা' শীর্ষক এক আলোচনা সভার আয়োজন করেছে। বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন এতে প্রধান অতিথি থাকবেন।

এ উপলক্ষে বাংলাদেশ–জাতিসংঘ সমিতির আলোচনা সভা অনুষ্ঠিত হবে বিকাল চারটায় মিরপুরস্থ ডঃ মুহাম্মদ শহীদুল্লাহ আদর্শ বিদ্যাপীঠ প্রাঙ্গণে।

বিকেল ৩টায় ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রে ধানমন্ডি আবাসিক এলাকা, রাস্তা নং ১১, বাড়ী নং ২৫ এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহযোগিতায়। এ আলোচনা সভার আয়োজন করেছে লায়ন্স জেলা ৩১৫ বি বাংলাদেশ।

কথক একাডেমীর আলোচনা সভা অনুষ্ঠিত হবে বিকেল ৪টায় জাতীয় যাদুঘর মিলনায়তনে।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন উপলক্ষে গতকাল আন্তর্জাতিক সাক্ষরতা বর্ষ টাস্ক ফোর্স, বাংলাদেশ, আমরা স্বনির্ভর প্রভৃতি সংগঠনের উদ্যোগে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

SHEETS